

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭২৭

পর্ব-১১: হজ (এআনা باتك)

পরিচ্ছেদঃ ১৪. তৃতীয় অনুচ্ছেদ - মক্কার হারামকে আল্লাহ তা'আলা কর্তৃক সংরক্ষণ প্রসঙ্গে

আরবী

وَعَن عيَّاشِ بنِ أَبِي ربيعةَ المَخْزُومِي قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تَزَالُ هَذِهِ الْأُمَّةُ بِخَيْرٍ مَا عَظَّمُوا هَذِهِ الْحُرْمَةَ حَقَّ تَعْظِيمِهَا فَإِذَا ضَيَّعُوا ذلكَ هلَكُوا». رَوَاهُ ابْن مَاجَه

বাংলা

২৭২৭-[১৩] 'আইয়্যাশ ইবনু আবৃ বরী'আহ্ আল মাখ্যুমী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এ উম্মাত সবসময় কল্যাণের মধ্যেই থাকবে, যতদিন পর্যন্ত তারা (মক্কার) হারামের এ মর্যাদা পরিপূর্ণরূপে রক্ষা করবে। আর যখন তারা মক্কার এ মর্যাদা বিনষ্ট করে ফেলবে (ব্যর্থতায় পর্যবসিত হবে) তখন ধ্বংস হয়ে যাবে। (ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: ইবনু মাজাহ ৩১১০, আহমাদ ১৯০৪৯, য'ঈফ আল জামি' ৬২১৩। কারণ এর সনদে ইয়াযীদ ইবনু আবী যিয়াদ একজন দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (مَا عَظَّمُوْا هَٰذِهِ الْحُرْمَةَ حَقَّ تَعْظِيمِهَا) "যতক্ষণ তারা এর মর্যাদা যথাযথ রক্ষা করবে। অর্থাৎ- যতক্ষণ উম্মাত মক্কার হারাম এলাকার মর্যাদা যথাযথভাবে রক্ষা করবে, ততদিন পর্যন্ত এ উম্মাত কল্যাণের মধ্যেই থাকবে।

(فَإِذَا ضَيَّعُوْا ذَٰلِكَ هَلَكُوْا) "যখন তা বিনষ্ট করবে তখন তারা ধ্বংস হবে।" অর্থাৎ- যখন তারা মক্কার যথাযথ মর্যাদা না দিয়ে তার মর্যাদা বিনষ্ট করবে তখন তারা শাস্তি স্বরূপ অপদস্ভ হবে ও ধ্বংস হবে।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন